

## আবুধাবিতে ১৩০ কোটি ডলারের নতুন আকর্ষণ রিম মল

- A Monitor Desk Report

Date: 02 June, 2024



আবুধাবি: সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) রাজধানী আবুধাবিতে সর্বশেষ আকর্ষণ হিসেবে যুক্ত হলো শপিং কমপ্লেক্স রিম মল।

সম্প্রতি সরকারি কর্মকর্তাদের উপস্থিতিতে এ স্থাপনা দর্শনার্থীদের জন্য খুলে দিয়েছে ডেভেলপার কোম্পানি আল ফারওয়ানিয়া প্রপার্টি ডেভেলপার্স। এ সময় ১ লাখ ৮৬ হাজার বর্গমিটারের কমপ্লেক্সটি ঘুরে দেখেন দেশটির টলারেপস অ্যান্ড কোএক্সিজেন্ট বিষয়ক মন্ত্রী শেখ নাহিয়ান বিন মুবারক আল নাহিয়ান।

মলের অন্যতম আকর্ষণ স্নো পার্ক পরিদর্শন করেন মন্ত্রী, যার আয়তন ৯ হাজার ৭০০ বর্গমিটার। স্নো পার্কে রয়েছে ২০টি রাইড এবং বরফের তৈরি বিভিন্ন ধরনের আকর্ষণীয় স্থাপনা ও বিনোদন উপকরণ। রিম আইল্যান্ডে ১৩০ কোটি ডলার খরচে নির্মিত শপিং মলটি আবুধাবিতে পর্যটক সমাগমে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে বলে ধারণা করছেন কর্মকর্তারা।

ইউএইকে বিশ্বের শীর্ষ পর্যটক গন্তব্য হিসেবে সাজাতে কাজ করছে দেশটির সরকার। রিম মলকে এরই অন্যতম কৌশলগত অংশ হিসেবে দেখা হচ্ছে। কর্তৃপক্ষ বলছে, এ মল ঘোরাঘুরি ও কেনাকাটার আদর্শ অভিজ্ঞতা দেবে। পারিবারিক ওয়ান-স্টপ-শপ গন্তব্য হিসেবে খুচরা খাত, খাবারের আয়োজন ও বিনোদন কেন্দ্র দিয়ে সাজানো হয়েছে পুরো মল। এখানে ইউএইর স্থানীয় প্রতিষ্ঠানের সঙ্গে বিভিন্ন খাতের বৈশ্বিক চেইনগুলো যোগ দিয়েছে।

এর মধ্যে রয়েছে ফার্স্ট ব্লুমিংডেলের বিউটি ইন দি ওয়ার্ল্ড ও ভক্সের সিনেমাসের প্রাইভেট সিনেমা রুম। এছাড়া মলজুড়ে ব্যবহার হয়েছে ডিজিটাল কার্যক্রম। এর মাধ্যমে কন্টাক্টলেস শপিংয়ের পাশাপাশি চলাচলে পাওয়া যাবে তাৎক্ষণিক সহযোগিতা।

